

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৭৬

ধৰ্মনগর, ১৫ নভেম্বর, ২০২৩

ধৰ্মনগরে জনজাতীয় গৌরব দিবস উদযাপন

জনজাতীয় গৌরব দিবস উদযাপন, বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানের সূচনা উপলক্ষে আজ ধৰ্মনগরে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উত্তর ত্রিপুরা জেলাশাসকের কার্যালয়ে আয়োজিত এই অনুষ্ঠানে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস, বিধায়ক বিনয়ভূষণ দাস বিধায়ক যাদবলাল নাথ, ধৰ্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন প্রদ্যোৎ দে সরকার, জেলাশাসক দেবপ্রিয় বর্ধন, জেলা পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী, অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, অতিরিক্ত জেলাশাসক সজল বিশ্বাস, ডিএফও এইচ ভিগ্লেশ, ধৰ্মনগর মহকুমার মহকুমা শাসক বিবেক এইচ বি, ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিগণ।

আগরতলা থেকে মূল অনুষ্ঠানের সরাসরি সম্প্রচারের পর জেলাশাসক দেবপ্রিয় বর্ধন জনজাতীয় গৌরব দিবস, বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযান নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের উদ্যোগে ৪টি ভিলেজ অর্গানাইজেশনকে ১ লক্ষ ৫০ হাজার টাকা করে ঋণ দেওয়া হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে ৪ জন ক্যান্সার আক্রান্ত রোগীকে বিশেষ সামাজিক পেনশনের অনুমোদনপত্র তুলে দেওয়া হয়। তাছাড়াও অনুষ্ঠানে অতিথিগণ ৬ জন কৃষকের হাতে প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনার সার্টিফিকেট তুলে দেন।
